



EMBASSY OF
THE PEOPLE'S REPUBLIC OF
BANGLADESH
ANDERSTORPSVAGEN 12 (1 TR.)
SE-171 54 SOLNA, SWEDEN
TEL: +46 8 730 58 50 -52
FAX: +46 8 730 58 70

নং: ১৯.০১.৪৬০১.১০১.১৮.০১৮.১৯-৮৭

তারিখ: ১০ মার্চ ২০২০

জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা সুইডেন, নরওয়ে ও ফিনল্যান্ডে বসবাসরত সকল প্রবাসী বাংলাদেশীদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সুইডেনের জনস্বাস্থ্য সংস্থা কর্তৃপক্ষ আজ (১০ মার্চ ২০২০) মঙ্গলবার সুইডেনে করোনা ভাইরাস (কোভিড-১৯)-এর সংক্রামণের ঝুঁকি মূল্যায়নকে সর্বোচ্চ বা 'অতি উচ্চ' হিসাবে ঘোষণা করেছে। জনস্বাস্থ্য সংস্থা তার ওয়েবসাইটে প্রকাশিত বিবৃতি দ্বারা স্বাস্থ্যসেবার সংক্রামণের লক্ষণযুক্ত প্রত্যেককে সামাজিক যোগাযোগ সীমাবদ্ধ করার নির্দেশিকা প্রদান করেছে। জনস্বাস্থ্য কর্তৃপক্ষ অব্যাহতভাবে বিস্তৃত করোনা ভাইরাস সংক্রামণের ঝুঁকির কারণে জনসাধারণকে হাসপাতাল এবং বৃদ্ধাশ্রম কেন্দ্র অপ্রয়োজনীয় পরিদর্শন এড়াতে পরামর্শ প্রদান করেছে। এছাড়া, করোনা ভাইরাসের বিস্তৃতি প্রতিরোধে নিম্নলিখিত ব্যবস্থাসমূহ গ্রহণে সকলকে নির্দেশনা প্রদান করা হয়েছে:

- হাত দিয়ে মুখ বা চোখ স্পর্শ করা যাবে না।
- অসুস্থ ব্যক্তিদের সাথে ঘনিষ্ঠ যোগাযোগ এড়িয়ে চলতে হবে।
- খাবার খাওয়ার বা ধরবার পূর্বে এবং ওয়াশরুম ব্যবহারের পরে সাবান এবং গরম পানি দিয়ে হাত বারংবার ধুয়ে নিতে হবে।
- যদি সাবান এবং পানি না পাওয়া যায়, তবে অ্যালকোহল ভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করতে হবে।
- হাঁচি বা কাশির সময় কনুই বা টিসু ব্যবহারের মাধ্যমে পরিবেশে সংক্রামণের বিস্তার রোধ এবং হাত দূষিত করা এড়ানো সম্ভব।
- কর্মক্ষেত্র, গণপরিবহণ বা যে সকল স্থানে অন্যের সাথে মেলামেশার সুযোগ বেশি, সেসকল জায়গায় সংক্রামণ এড়াতে সতর্ক থাকা উত্তম ও অসুস্থ হলে বাড়িতে অবস্থান বাঞ্ছনীয়।
- যদি কেউ অনুভব করেন যে তার করোনা ভাইরাসের লক্ষনসমূহ যেমন-শ্বাসকষ্ট, কাশি বা জ্বর-এই ধরনের অসুস্থতা রয়েছে, তবে হাসপাতালে বা vårdcentral এ না যেয়ে সুইডেনের জাতীয় স্বাস্থ্য পরামর্শ হটলাইন ১১৭৭-এ যোগাযোগ করতে হবে।
- মারাত্মক জ্বরুরি পরিস্থিতিতে সুইডেনের জ্বরুরী নাম্বার ১১২ নম্বরে যোগাযোগ করতে হবে।
- করোনা ভাইরাস সম্পর্কিত যেকোনো প্রশ্নের জন্য সুইডেনের তথ্য নম্বর ১১৩ ১৩ এ যোগাযোগ করতে হবে।
- করোনা পরিস্থিতি বিষয়ে তথ্য বা পরামর্শের জন্য দূতাবাসের জ্বরুরী হটলাইন নম্বর +৪৬০৭৬২৭০৪০৩১ -এ যোগাযোগ করা যাবে।
- বাংলাদেশ দূতাবাস প্রবাসী বাংলাদেশের সার্বিক কল্যাণে যথাযথ সেবা প্রদানে অঙ্গীকারবদ্ধ। দূতাবাস প্রবাসী বাংলাদেশীদের আতংকিত না হয়ে ধৈর্য ধারণ করে বর্তমান উদ্ভূত পরিস্থিতি মোকাবেলায় সার্বিক সহযোগিতা কামনা করছে।

